

(৫০০৮০)
তারবার্তা
বাংলাব্যাংক
দূরলাপনী : ৭১২৬১০১-২০

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংল নং ৩২৫
খাকা ।

অফ-সাইট সুপারভিশন ডিপার্টমেন্ট

১১ জ্যৈষ্ঠ, ১৪১০

তারিখ : -----

২৫ মে, ২০০৩

ওএস সার্কুলার লেটার নং-১১

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে ভুল তথ্য প্রেরণ পসংগে ।

অত্র বিভাগের ০১/০১/২০০৩ তারিখের ডিবিওডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক উক্ত সার্কুলারের বিবরণী নং ডিবি-২ এর মাধ্যমে নির্দিষ্ট ছকে তফসিলী ব্যাংকসমূহ হতে মাসিক ভিত্তিতে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ইত্যাদি ও সেক্টর কর্পোরেশন সমূহের আমানতের বিবরণী সংগ্রহ করতঃ একীভূত প্রতিবেদন অর্ধ মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডসহ বিভিন্ন সরকারী দপ্তরে সরবরাহ করা হয়ে থাকে । সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, কোন কোন ব্যাংক কর্তৃক ডিবি-২ এর আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানের সঠিক তথ্য পরিবেশন না করে এক খাতে আমানত অন্য খাতে প্রদর্শনসহ আমানতের ভুল পরিমাণ দেখানো হচ্ছে । ফলে আর্থিক বিষয়ে প্রকৃত অবস্থা প্রতিফলিত হচ্ছে না এবং সংশ্লিষ্ট সরকারী সংস্থাসমূহে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে ।

এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর ৩৬(৭) ধারা এবং ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ১০৯(২) ধারার বিধানাবলীর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক এতদসংক্রান্ত নির্ভুল তথ্য পরিবেশন নিশ্চিত করতে নির্দেশ দেয়া যাচ্ছে । ভবিষ্যতে ভুল তথ্য প্রেরণ করা হলে, আইনের উপরোক্ত বিধানসমূহের আওতায় অর্ধদণ্ড আরোপসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৭১২০৩৫৯